

আন্তর্জাতিক

ইরানে হামলার সিদ্ধান্ত বাতিল করলেন ট্রাম্প

প্রতিবেদক: আন্তর্জাতিক ডেস্ক

প্রকাশের তারিখ: রোববার, ৩০ আগস্ট ২০২৬, ০৫:২৩ PM



ইরানের ওপর পরিকল্পিত হামলার সিদ্ধান্ত থেকে সরে এসেছেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। তিনি বলেছেন, দ্রুত একটি চুক্তি সম্পন্ন হলে যুক্তরাষ্ট্র হামলা চালাবে না।

রোববার (২ আগস্ট) এ তথ্য জানিয়েছে ব্রিটিশ সংবাদমাধ্যম বিবিসি।

টুথ সোশ্যালের দেওয়া এক পোস্টে ট্রাম্প বলেন, বিশ্বের ভবিষ্যৎ এবং একটি সফল ও সমৃদ্ধ ইরানের স্বার্থে তিনি হামলার সিদ্ধান্ত বাতিল করতে রাজি হয়েছেন। তবে এর শর্ত হলো, ইরানকে দ্রুত একটি চুক্তি করতে হবে।

এর আগে মার্কিন কয়েকটি গণমাধ্যম জানিয়েছিল, চলতি সপ্তাহেই ইরানের ওপর নতুন ও আরও তীব্র হামলার পরিকল্পনা করছিল যুক্তরাষ্ট্র।

এদিকে তেহরান উত্তেজনা বাড়ানোর জন্য যুক্তরাষ্ট্রকে দায়ী করেছে। ইরানের দাবি, ওয়াশিংটনকে সহযোগিতা করা যেকোনো আঞ্চলিক রাষ্ট্র

যুদ্ধের আগুনে ভস্মীভূত হবে।

এর আগে মধ্যপ্রাচ্যে অবস্থানরত মার্কিন নাগরিকদের সতর্ক থাকতে বলেছিল যুক্তরাষ্ট্র। একই সঙ্গে পরিস্থিতির অবনতি হলে এলাকা ছাড়ার প্রস্তুতি নিতে আহ্বান জানানো হয়।

যুক্তরাষ্ট্রের সম্ভাব্য হামলার আশঙ্কায় নিজেদের নিরাপত্তা প্রস্তুতি জোরদার করেছে ইসরায়েল। দেশটির আশঙ্কা, হামলা হলে ইরান পাল্টা আঘাতে ইসরায়েলকে লক্ষ্যবস্তু করতে পারে। রোববার (২ আগস্ট) তুরস্কের বার্তাসংস্থা টিআরটির বরাতে এ তথ্য জানিয়েছে ইসরায়েলি সংবাদমাধ্যম।

গত শুক্রবার মন্ত্রিসভার বৈঠকে ট্রাম্প ইরানের বিরুদ্ধে কঠোর হামলার হুমকি দেন। তিনি বলেন, এমন ব্যাপক হামলা চালানো হবে যে একসময় ইরান আর যুদ্ধ চালিয়ে যেতে পারবে না।

ইসরায়েলি দৈনিক ইয়েদিয়োত আহরোনোত জানিয়েছে, দেশটি প্রতিরক্ষা সতর্কতা বাড়িয়েছে। সামরিক কর্মকর্তাদের ধারণা, ট্রাম্প যেকোনো সময় ইরানের জ্বালানি অবকাঠামোতে হামলার নির্দেশ দিতে পারেন।

আরও জানিয়েছে, যুক্তরাষ্ট্র হামলা চালালে ইরান পাল্টা আঘাতে ইসরায়েলকে লক্ষ্যবস্তু করতে পারে।

ইসরায়েলি সংবাদমাধ্যম চ্যানেল-১২ জানিয়েছে, ইসরায়েল নিজেও ইরানে হামলার প্রস্তুতি নিচ্ছে। পাশাপাশি যুক্তরাষ্ট্রের সম্ভাব্য সামরিক অভিযানের বিষয়েও প্রস্তুতি নেওয়া হচ্ছে। সংবাদমাধ্যমটির এক অজ্ঞাতনামা সূত্রের ভাষ্য, ইরান ও যুক্তরাষ্ট্রের মধ্যকার উত্তেজনা এখন বিশ্বায়িত হওয়ার দ্বারপ্রান্তে রয়েছে।

এ বিভাগের আরও খবর



ছবিদের বিরুদ্ধে বড় হামলার প্রস্তুতি সৌদি আরবের
ইরান-সমর্থিত ইয়েমেনের ছবি বিশদ্রোহীদের বিরুদ্ধে বড় ধরনের সামরিক অভিযান চালানোর প্রস্তুতি নিচ্ছে সৌদি আরব। এ হামলার পরিকল্পনা নিয়ে কাজ করছে র...



গাজায় ইসরায়েলি বিমান হামলায় নিহত পাঁচ ফিলিস্তিনি
গাজার একটি অ্যাপার্টমেন্ট ভবনে ইসরায়েলি বিমান হামলায় পাঁচ ফিলিস্তিনি নিহত হয়েছেন। শনিবার ভোরে গাজা সিটিতে এ হামলা হয়। স্থানীয় স্বাস্থ্য ও বে...



সৌদি আকাশে ছবিদের চার ড্রোন, দুই ক্ষেপণাস্ত্র ভূপাতিত
সৌদি আরবের দক্ষিণাঞ্চল লক্ষ্য করে ইয়েমেনের ছবিদের ছোড়া চারটি ড্রোন ও দুটি ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র প্রতিহত ও ধ্বংসের দাবি করেছে সৌদি নেতৃত্ব...



ক্রমণে গিয়ে মহারাষ্ট্রে সমুদ্রে ডুবে প্রাণ গেল ৮ শিক্ষার্থীর
ভারতের মহারাষ্ট্রে সমুদ্রে ডুবে আট শিক্ষার্থীর মৃত্যু হয়েছে। বৃহস্পতিবার রাজ্যটির রায়গড় জেলার দিভেগার সমুদ্রসৈকতে এ ঘটনা ঘটে। পরে তাদের মরদে...